# পেরিফেরাল নার্ভ ব্লক

আপনার পেরিফেরাল নার্ভে ব্লক দিয়ে অপারেশন করলে আপনি কী প্রত্যাশা করতে পারেন, এই লিফলেটে তা ব্যাখ্যা করা হয়েছে। এটি অ্যানেস্থেসিস্ট, রোগী এবং তাদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

## বিষয়বস্তু

এই লিফলেটে যা ব্যাখ্যা করা হয়েছে :

- নার্ভ ব্লক কি
- কোনও অপারেশনের সময় এটি ব্যবহার করে আপনি কেন উপকৃত হতে পারেন
- কিভাবে এটি কাজ করে
- এরপর কী হয়
- ঝুঁকিগুলি এবং সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ।

## নার্ভ ব্লক সম্পর্কিত তথ্য

নার্ভ ব্লক হল অ্যানেস্থেটিক ইনজেকশন যা শরীরের একটি নির্দিষ্ট অংশে সরবরাহ করে এমন নার্ভগুলিকে অনুভূতিহীন করার জন্য দেওয়া হয়, উদাহরণস্বরূপ, একটি বাহু, একটি হাত বা একটি পা বা পায়ের তালু। লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন ব্যথার সংকেতগুলিকে ব্লক করে দেয় এবং শরীরের কোন একটি অংশকে অনুভূতিহীন এবং অচল কোরে তোলে, যদিও আপনি অপারেশন চলাকালীন নড়াচড়া এবং টান অনুভব করতে পারেন।

কিছু পরিস্থিতিতে জেনারেল অ্যানেস্থেটিকের পরিবর্তে নার্ভ ব্লক ব্যবহার করা যেতে পারে। বিশেষ কোরে স্বাস্থ্যগত সমস্যার কারণে যেসব রোগীর সাধারণ অ্যানেস্থেটিক ব্যবহারে বেশি ঝুঁকি রয়েছে তাদের জন্য এটি উপযোগী হতে পারে। একটি নার্ভ ব্লক ব্যবহার করে অস্ত্রোপচারের আরেকটি সুবিধা হল যে এটি সাধারণ অ্যানেস্থেটিক সম্পর্কিত কিছু জটিলতার ঝুঁকি কম বহন করে।

সার্জারির পরে ব্যথা নিয়ন্ত্রণ করতে সাহায্য করার জন্য একটি নার্ভ ব্লককে জেনারেল অ্যানেস্থেটিকের এক সাথে ব্যবহার করা যেতে পারে। এটি অস্ত্রোপচারের ২৪ ঘন্টা পর্যন্ত ব্যাথা থেকে মুক্তি দিতে পারে, যদিও শরীরের কিছু অংশ ৪৮ ঘন্টা পর্যন্ত অনুভূতিহীন বোধ করতে পারে।

অপারেশনের সময় আরামদায়ক এবং ঘুমের অনুভূতির জন্য প্রায়ই নার্ভ ব্লকের সাথে সিডেশন ব্যবহার করা হয়। সিডেশন হালকা বা গভীর হতে পারে; এটি নেওয়ার ফলে আপনার অল্প কিছু বা সবকিছুই মনে থাকতে পারে, অথবা হয়তো একেবারেই কোনোকিছু মনে থাকবে না। আমাদের সিডেশনের ব্যাখ্যা লিফলেটে সিডেশন সম্পর্কে আপনি আরও জানতে পারবেন, যা বিভিন্ন ভাষায় এই লিংকে পাওয়া যাবে: www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে এই সিদ্ধান্ত নিতে সহায়তা করবেন যে এর মাঝে কোনটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত হবে।

### পেরিফেরাল নার্ভ ব্লকের সুবিধাসমূহ

- সার্জারির পর ভালভাবে ব্যথা থেকে মুক্তি।
- সার্জারির পর পরই অপিওয়েড যুক্ত ব্যথানাশকের প্রয়োজন কম হয়। এই ধরণের ওষুধে আপনি অসুস্থ বোধ করবেন এবং কোষ্ঠকাঠিন্য হতে পারে। বিরল ক্ষেত্রে খুব বেশি দিন গ্রহণ করলে এগুলোতে আসক্তির ঝুঁকি থাকে।
- জেনারেল অ্যানেস্থেটিক এবং এর ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়া এড়ানো যায়। জেনারেল অ্যানেস্থেটিকের সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলো হল অসুস্থ বোধ করা, গলা ব্যথা এবং তন্দ্রাচ্ছন্নতা।
- আরও তাড়াতাড়ি উঠে বসতে ও হাঁটাচলা করতে পারবেন এবং হাসপাতাল থেকে তাড়াতাড়ি বাড়ি ফিরতে পারবেন।

## প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক (অপারেশন পূর্ববর্তী মূল্যায়ন)

আপনার অপারেশন পূর্বপরিকল্পিত হয়ে থাকলে আপনাকে অপারেশনের কয়েক সপ্তাহ বা কয়েক দিন আগে প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে ডাকা হতে পারে। ছোটো সার্জারির ক্ষেত্রে অনেক সময় একজন নার্স টেলিফোনে আপনাকে কিছু প্রশ্ন করতে পারেন।

অনুগ্রহ করে আপনার সাথে কিছু জিনিস নিয়ে আসুন (বা ফোন কলের জন্য সহজে উপলব্ধ রাখুন):

- আপনার বর্তমান ওষুধগুলির একটি তালিকা অথবা মূল প্যাকেটসহ সকল ওষুধ
- আপনি যদি আপনার রক্ত তরল করার জন্য কোনো ওষুধ গ্রহণ করেন, তাহলে প্রাক-মূল্যায়ন দলের এটি সম্পর্কে জানা গুরুত্বপূর্ণ। এতে সার্জারির আগে আপনার এই ওষুধগুলো গ্রহণ করা বন্ধ করতে হবে কিনা এটি নিয়ে তারা আলোচনা করতে পারবেন।
- অন্য হাসপাতালে করানো সকল পরীক্ষা ও চিকিৎসাসংক্রান্ত তথ্য
- অ্যানেস্থেটিক ব্যবহারের কারণে আপনি বা আপনার পরিবারের কারও কোনও সমস্যা হয়ে থাকলে সে বিষয়ে তথ্য
- সাম্প্রতিক রক্তচাপ পরিমাপের ফলাফল।

ক্লিনিকে একজন অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হতে পারে। তা না হলে অপারেশনের দিনে হাসপাতালে অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হবে।

## অপারেশনের দিন

আপনার খাবার, পানীয় এবং ওষুধ গ্রহণ সম্পর্কে হাসাপাতাল থেকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে। এই নির্দেশাবলী অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

### নার্ভ ব্লক দেওয়া শুরু

নার্ভ ব্লক দেওয়ার জন্য আপনাকে সাধারণত অপারেটিং থিয়েটারের কাছের একটি রুমে বা অ্যানেস্থেটিক রুমে নিয়ে যাওয়া হবে। মনিটরিং ইকুইপমেন্ট সংযুক্ত করা হবে যাতে দল পুরো প্রক্রিয়া জুড়ে আপনার অবস্থা নিরীক্ষণ করতে পারে।

যেখানে ইঞ্জেকশন দেওয়া হবে সেই স্থানের ত্বক পরিষ্কার করা হবে এবং ত্বকের ওই স্থান অনুভূতিহীন করার জন্য লোকাল অ্যানেস্থেটিকের ছোট একটি ইনজেকশন দেওয়া হবে – এটি টিস্যু ভেদ করার সময় সামান্য যন্ত্রণা হবে।

ত্বক অনুভূতিহীন হওয়ার পর, নার্ভ ব্লক সঞ্চালনের জন্য একটি ভিন্ন সুই ব্যবহার করা হয়। সঠিক জায়গায় অ্যানেস্থেটিক ইনজেকশন দেওয়ার জন্য অ্যানেস্থেটিস্ট একটি আল্‌ট্রাসাউন্ড মেশিন ব্যবহার করে নার্ভগুলি কোথায় আছে তা দেখেন।

বেশির ভাগ মানুষ দেখতে পান যে ইনজেকশনগুলি ক্যানুলা ( রক্তনালীতে একটি পাতলা প্লাস্টিকের টিউব ঢোকানো) প্রবেশের চেয়ে বেশি বেদনাদায়ক নয়।

আপনার শরীরের অংশে গরম অনুভূতি হবে ও শিরশির বা ঝিনঝিন করবে, এবং অবশেষে ভারী ও অবশ হয়ে যাবে। ইঞ্জেকশনটি কাজ করতে সাধারণত ২০থেকে ৪০ মিনিট সময় নেয়। অ্যানেস্থেটিস্ট আপনার শরীরের বিভিন্ন অংশে সংবেদনশীলতা পরীক্ষা করবেন। অ্যানেস্থেটিস্ট যতক্ষণ না সন্তুষ্ট হবেন যে ব্লকটি ঠিকভাবে কাজ করছে, ততক্ষণ পর্যন্ত আপনাকে অপারেশন থিয়েটারে নেয়া হবে না।

ব্লকটি পুরোপুরি কাজ না করলে আপনাকে আরো লোকাল অ্যানেস্থেটিক, অতিরিক্ত ব্যথানাশক অথবা জেনারেল অ্যানেস্থেটিক নেওয়ার প্রস্তাব দেওয়া হবে।

## অপারেশন চলাকালীন

আপনার সামনে একটি পর্দা দেয়া হবে যাতে আপনি অপারেশন প্রক্রিয়াটি দেখতে না পান ।

আপনি চাইলে আপনার ডিভাইসে গান শুনতে পারেন – এটি সম্ভব কিনা জিজ্ঞেস করুন।

অপারেটিং থিয়েটার একটি ব্যস্ত জায়গা। সেখানে সাধারণত পাঁচ থেকে আটজন মানুষ থাকেন যাদের প্রত্যেকেই আপনার যত্ন নিতে নিজ নিজ দায়িত্ব পালন করে থাকেন। অপারেশন চলাকালীন পুরো সময় অ্যানেস্থেটিক দলের একজন সদস্য আপনার সাথে থাকবেন এবং মাঝে মাঝে দলের অন্যান্য সদস্যরাও আপনার সাথে কথা বলতে অথবা আপনার দিকে নজর রাখতে সাহায্য করতে পারেন।

সিডেশন নিলে আপনি নিশ্চিন্ত এবং তন্দ্রাচ্ছন্ন থাকবেন। প্লাস্টিকের একটি হালকা ফেসমাস্কের মাধ্যমে আপনাকে অক্সিজেন দেওয়া হবে। আপনার অপারেশন থিয়েটারে থাকার বিচ্ছিন্ন কিছু স্মৃতি থাকতে পারে,যদিও সেগুলি অস্বচ্ছ হতে পারে।

আমাদের সিডেশনের ব্যাখ্যা লিফলেটে সিডেশন সম্পর্কে আরও জানতে পারবেন, এটি বিভিন্ন ভাষায় এই লিংকে পাওয়া যাবে : www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

## অপারেশনের পর

নার্ভ ব্লকের প্রভাব ৪৮ ঘন্টা পর্যন্ত স্থায়ী হতে পারে। এই সময়ে শরীরের যে অংশটিকে অ্যানেস্থেটিক দেওয়া হয়েছে তা খুব ভারী বোধ হবে এবং আপনার পেশীগুলি আবার কাজ শুরু না করা পর্যন্ত সহায়তার প্রয়োজন হবে। আপনার দৈনন্দিন কাজ করার জন্য কারো সাহায্য নেওয়ার প্রয়োজন হতে সার্জারির পারে সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত।

নার্ভ ব্লকটির কার্যকারিতা শেষ হয়ে গেলে আপনি আপনার হাতের আঙ্গুলে শিরশির বা ঝিনঝিন অনুভূতি হতে পারে। এটি সম্পূর্ণভাবে স্বাভাবিক।

## বাড়িতে পরবর্তী যত্ন

ডিসচার্জ হওয়ার আগে বাড়িতে আপনার সুস্থ হয়ে ওঠায় সহায়তা করার জন্য আপনাকে কিছু তথ্য দেওয়া হবে। একবার বাড়িতে ফিরে গেলে আপনাকে যে কোনো সহায়তা দেওয়া হলে তা ব্যবহার করা উচিত। এটির কারণ হল আপনি সার্জারির জায়গায় সম্পূর্ণ সংবেদন পাবেন না, এবং খুব সহজেই আবার আহত হতে পারেন। এই অনুভূতিহীনতা সাধারণত ৪৮ ঘন্টা পর্যন্ত থাকতে পারে।

- উত্তপ্ত জিনিসের আশপাশে সাবধানে থাকবেন, যেমন আগুন বা রেডিয়েটর। আপনার শরীরের অংশ অনুভূতিহীন থাকা অবস্থায় আপনি উত্তাপ বুঝতে পারবেন না, ফলে পুড়ে যাওয়ার সম্ভাবনা থাকে।

- কেটলি, আয়রন এবং রান্নার সরঞ্জামের মতো কোনও মেশিন বা ঘরোয়া যন্ত্রপাতি ব্যবহার করা এড়িয়ে চলুন।
- হাসপাতালের নির্দেশনা অনুযায়ী ব্লকের কার্যকারিতা শেষ হওয়ার আগেই ব্যথানাশক ওষুধ খাওয়া শুরু করুন। এটি গুরুত্বপূর্ণ কারণ নার্ভ ব্লকের প্রভাব হঠাৎ করেই বন্ধ হয়ে যেতে পারে।

### কখন সাহায্য চাইতে হবে

আপনাকে জরুরি চিকিৎসা সহায়তা নিতে হবে যদি:

- আপনি কোনও কারণ ছাড়া শ্বাসকষ্ট অনুভব করেন
- আপনি তীব্র ব্যথা অনুভব করেন যা ব্যাথানাশক দিয়ে নিয়ন্ত্রিত হচ্ছে না এমন।

অপারেশনের দুই দিন পরেও ব্লকের প্রভাব সম্পূর্ণভাবে শেষ না হলে আপনার ডিসচার্জ পেপারে দেয়া নম্বরে ফোন করে আপনার অ্যানেস্থেটিক বিভাগের সাথে যোগাযোগ করুন।

## নার্ভ ব্লক সম্পর্কে আরও তথ্য

আরএ- ইউকে (RA-UK), রিজিওনাল অ্যানাস্থেসিয়া বিশেষজ্ঞ সমিতি, নার্ভ ব্লকের রোগীদের জন্য একটি তথ্যবহুল ভিডিও তৈরি করেছে: নার্ভ ব্লক:রোগীদের জন্য একটি তথ্যবহুল ভিডিও: www.ra-uk.org/index.php/patient-info-video

# ঝুঁকি এবং সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

নার্ভ ব্লক সহ আধুনিক অ্যানাস্থেটিকস খুবই নিরাপদ। যাহোক, নার্ভ ব্লক ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। খুব কমই নার্ভ ব্লকগুলি নার্ভের ক্ষতি করতে পারে।

পেরিফেরাল নার্ভ ব্লকের সাথে সম্পর্কিত নার্ভের ক্ষতি সংক্রান্ত ঝুঁকির বিষয়ে আমাদের রিস্ক লিফলেটে আরও তথ্য পাওয়া যাবে।

কোনও ঝুঁকির পরিমাণ আপনার ক্ষেত্রে বেশি বলে মনে হলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। আপনার ক্ষেত্রে প্রাসঙ্গিক হলেই কেবলমাত্র তাঁরা কম সাধারণ ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করবেন।

## সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছেন। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্তে নিতে সহায়তা করেন।

এই কথোপকথনের মধ্যে থাকে :

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্রমাণ, ঝুঁকি এবং সুবিধাসমূহ
- রোগী যা ভালো জানেন : নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে ভিজিট করুন : www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

কিছু সংস্থান ব্যবহার করে আপনি আপনার অ্যানেস্থেটিস্ট বা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট কর্মীর সাথে আলোচনার সময়টুকুর সর্বোত্তম ব্যবহার করতে পারেন।

### চুজিং ওয়াইজলি ইউকে বিআরএএন ফ্রেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন জিজ্ঞাসা করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।
https://bit.ly/CWUK_leaflet

### এনএইচএস আস্ক থ্রি কোয়েশ্চেন্স

আপনার চিকিৎসার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।
https://bit.ly/NHS_A3Qs

### দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি একটি অ্যানিমেশন তৈরি করেছে।
www.cpoc.org.uk/shared-decision-making

## আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (আপনি নিচের উদাহরণগুলো ব্যবহার করতে পারেন এবং কোনও প্রশ্ন থাকলে তা যোগ করতে পারেন)। আপনি যদি অপারেশনের দিনের আগে অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চান তাহলে প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের সাথে যোগাযোগ করুন, তারা ফোনে অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে কথা বলিয়ে দিতে পারেন অথবা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারেন।

1. **এই ধরণের অ্যানেস্থেটিক নিলে আমার কী বিশেষ কোনো ঝুঁকি হতে পারে?**

2. **জেনারেল অ্যানেস্থেটিক নিলে আমার কোন ঝুঁকি বেশি হওয়ার সম্ভাবনা আছে?**

3. **ব্লকটি কাজ না করলে কী হবে?**

### দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## rcoa.ac.uk

### তৃতীয় সংস্করণ, এপ্রিল 2023

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2023 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।